তারিখ 05 SEP 1990
পৃষ্ঠা ... 1 ... কলাম ...

দৈনিক খবর

86

## প্রসঙ্গঃ গণগ্রন্থালয়ের 'বই মেলা'

কয়েকদিন পূর্বে গণগ্রন্থালয়ে গিয়েছিলাম। 'বই মেলায়' সেলফে সাজানো বইগুলো দেখে অনেক অভিজ্ঞতা হলো। অত্যন্ত পরিতাপের বিষয়, স্বাধীনতার উনিশ বছরে এ সামান্য কয়টা বইতো শোভা পাওয়ার কথা নয়। বই মেলায় এমন সব বই থাকবে যা সত্যিকারার্থে দৃষ্টি আকর্ষণ করার মতো। সুন্দর মলাট থাকলেই যে সবার দৃষ্টি আকর্ষণ করবে এমন কথাও নয়। আমাদের দেশের বইয়ের ক্রয়মূল্য এতে বেশী যে পড়ুয়া এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের আগুন ধরতেও ততটা ভয় হয় না যতটা ভয় হয় ঐ সমস্ত বইগুলোতে হাত দিতে।

বইয়ের মূল্য বেশী হওয়ার কারণের পরিপ্রেক্ষিতে মাঝে মধ্যে মনে হয় আমাদের ওপর চাপানো অভিভাবকদের বাধ্যতামূলক পড়ার ইতি টানি। সে ক্ষেত্রে জ্ঞান অর্জনের জন্য বই ক্রয় করবার কথা কল্পনা করি কি করে নিজেই বুঝি না। যারা গণগ্রন্থালয়ের 'বই মেলায়' গিয়েছিলেন তারা নিশ্চয়ই উপলব্ধি করতে পেরেছেন যে, প্রকৃত অর্থে যে সমস্ত বই আমাদের প্রয়োজন তার কতটা বই দেশীয় বইয়ের মেলায় অবস্থান করছে?

তারপর যদি ঢালাওভাবে সব বই আমদানী নিষিদ্ধ করা হয় তাহলে সেখানে আমাদের বলার কিছু থাকবে না। অবস্থাটা পরবর্তীতে এমন পর্যায়ে দাঁড়াবে যে, রাত দশটার পর পথের আলো নিভিয়ে দিলে সেখানে ছিনতাইকারীর সংখ্যা বাড়বে। আবার সরকারই সেই ছিনতাইকারীদের পাকড়াও করতে উঠে পড়ে লাগবে কিন্তু তাতে লাভ হবে না। তদ্রুপ বিদেশী বই আমদানী বন্ধ হলে সাধারণ ছাত্র-ছাত্রীরা লেখাপড়া করবার জন্য বই পাবে না। তখন বাধ্য হয়ে তারা পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য নকলের আশ্রয় নিবে। তখন ক'জনকে আটকে রাখবে এ ঘৃণিত পথ থেকে। বলা বাহুল্য, শিশুদের জন্য যথেষ্ট বই আমাদের দেশে আছে। এ ক্ষেত্রে বাইরে থেকে কোন বই শিশুদের পঠনের জন্য আমদানী করা সম্পূর্ণভাবে বন্ধ করা উচিত। নইলে হয়তো একদিন আমাদের জাতির ভবিষ্যৎরা তাদের জাতির অস্তিত্ব ভুলে যেতে পারে। বর্তমানে দেশে যে সনদপত্রের মূল্য দেয়া হয় সেগুলো বাদ দিয়ে জ্ঞানের মূল্য দিতে হবে। তার জন্য প্রয়োজন যে কোন শ্রেণীর জন্য প্রচুর পরিমাণ সহায়িকা গ্রন্থ। আর এসব যদি আমরা দেশের লেখকদের থেকে না পাই তবে কোথায় হাত পাতব? আমাদের সুন্দর মলাটের প্রয়োজন নেই। প্রয়োজন হলো শুধু ভাল বইয়ের- যা সাধারণদের ক্রয় ক্ষমতার অধীনে থাকবে। আন্দোলন যখন একবার শুরু হয়েছে, তার একটা প্রতিক্রিয়া হবেই। তবে আমাদের অনুরোধ, আপনারা আগে বিচার বিবেচনা করে আমাদের লেখকদের লেখা ঐ প্রকৃতির বই বাজারে না আসা পর্যন্ত সে সমস্ত বই কোন অবস্থাতেই আমদানী বন্ধ না করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর অনুরোধ জানাচ্ছি।

নাহিদ মাহমুদ (ঝর্না)
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ
ঢাকা।

...MATION AND STATISTICS
... SYSTEM
SHEET ___ OF ___ SHEETS